

## ক্রয় ও সংরক্ষণ বিভাগের কার্যাবলী।

ক্রয় ও সংরক্ষণ বিভাগ বাঅনৌপ-কর্তৃপক্ষের একটি গুরুত্বপূর্ণ বিভাগ। এ বিভাগের দু'টি প্রধান শাখা রয়েছে- ক্রয় ও সংরক্ষণ শাখা। কর্তৃপক্ষের বিভিন্ন বিভাগের চাহিদা অনুযায়ী ক্রয় কার্যক্রম এ বিভাগের মাধ্যমে সম্পাদন করা হয়ে থাকে। আবার কর্তৃপক্ষের ক্রয়ের মাধ্যমে মজুদকৃত ও অকেজো ঘোষণাকৃত মালামাল গুদামে সংরক্ষণ এবং বিভিন্ন বিভাগের চাহিদানুযায়ী গুদামে মজুদ থাকা সাপেক্ষে তা বিতরণ করা হয়ে থাকে।

এ বিভাগের অনুমোদিত জনবল ৮০ ও বর্তমানে কর্মরত জনবলের সংখ্যা ৫১ জন। নারায়ণগঞ্জের খানপুর, কেন্দ্রীয় গুদামসহ ঢাকা ও বরিশালে এ বিভাগের নিয়ন্ত্রণাধীন তিনটি স্থানে গুদাম রয়েছে, যথাঃ-

(ক) ঢাকা কেন্দ্রীয় গুদাম;

(খ) নারায়ণগঞ্জ খাণপুর গুদাম;

(গ) বরিশাল গুদাম।

### ক্রয় ও সংরক্ষণ বিভাগের দায়িত্ব ও কর্তব্য :-

#### ক্রয় শাখাঃ

- ১। কর্তৃপক্ষের সকল বিভাগের সব ধরনের মালামাল যথাঃ-কম্পিউটার, ফটোকপিয়ার, স্টেশনারী, মেশিনারী, প্রিন্টিং এবং ফার্নিচার ইত্যাদি মালামাল ক্রয় করা হয়ে থাকে ;
- ২। বাঅনৌপ-কর্তৃপক্ষের প্রাপ্যযোগ্য কর্মচারীদের জুতা, ছাতা, পোশাক-পরিচ্ছদ এবং ডেক ও ইঞ্জিনকর্মী প্রশিক্ষণার্থীদের পোশাক-পরিচ্ছদ ও কারিগরী কর্মচারীদের ওয়ার্কিং ইউনিফর্ম ইত্যাদি সংগ্রহ ও বিতরণ করা হয়ে থাকে। প্রতি ২ বছরে একবার গ্রীষ্মকালীন এবং প্রতি ৪ বছরে একবার শীত কালীন পোশাক সরবরাহ করা হয়। জুতা-মোজা এবং ছাতা প্রতি বছরে একবার প্রদান করা হয়।
- ৩। বৎসর ভিত্তিক সাধারণ সরবরাহকারী ও ছাপাখানা প্রতিষ্ঠান সমূহের নতুন তালিকাভুক্তি ও নবায়ন করা হয়।

#### সংরক্ষণ শাখা :

- ১। ক্রয় ও সংরক্ষণ বিভাগ কর্তৃক ক্রয়কৃত মালামাল ছাড়াও অন্যান্য বিভাগ কর্তৃক ক্রয়কৃত মালামাল শাখা ভিত্তিক সংরক্ষণ করা হয়। যেমন : জাহাজ ও ড্রেজারের খুচরা যন্ত্রাংশ, বয়া, বিকন, চেইন, এফএস ওয়ার, ড্রেজারের ব্যবহারিক মালামাল এবং গ্রীজ ইত্যাদি।
- ২। ক্রয় ও সংরক্ষণ বিভাগ গুদামে রক্ষিত সকল ধরনের মালামাল গুচারুভাবে সংরক্ষণ করে এবং মালামালের ক্ষয়ক্ষতি/ড্যামেজ, ওভারস্টকিং ইত্যাদি রোধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে থাকে ;
- ৩। প্রতিটি গুদামে রক্ষিত মালামালের বার্ষিক ইনভেন্টরী কার্যক্রম যথাসময়ে আলাদা আলাদা ভাবে সম্পন্ন করণ, ইনভেন্টরী কার্যক্রম সম্পাদনের পর ওটিআর/অবসোলিট মালামাল উনুক্ত দরপত্র আহবানের মাধ্যমে অপসারণের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে;

#### কেন্দ্রীয় গুদাম, ঢাকা :

বর্তমানে কেন্দ্রীয় গুদামে গোডাউনের সংখ্যা ৩টি। একটিতে স্টেশনারী মালামাল, পোশাক-পরিচ্ছদ, ছাতা-জুতা, দ্বিতীয়টিতে প্রিন্টিং মালামাল এবং তৃতীয়টিতে ওটিআর মালামাল রয়েছে।